গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ এর কার্যালয়
সেতু নির্মাণ ও রক্ষণাবেক্ষণ সার্কেল
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
E-mail: sebcmc@rhd.gov.bd
ফোনঃ০২-৮৮৭৯৩৫০

তারিখঃ ১৫ই এপ্রিল ২০২৫

স্মারক নম্বর: ৩৫.০১.০০০০.১৫২.১৪.০৫৮.২৫.১৯৪

জনমত যাচাই সভার বিজ্ঞপ্তি

মীরগঞ্জ সেতু নির্মাণ প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদনের উপর জনমত যাচাই সভা

সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে বরিশাল জেলার বাবুগঞ্জ এবং মুলাদি উপজেলায় "রহমতপুর-বাবুগঞ্জ-মুলাদি-হিজলা মহাসড়ক (জেড-৮০৩৪) এর ৮ম কিলোমিটারে আড়িয়াল খাঁ নদীর উপরে মীরগঞ্জ সেতু নির্মাণ" প্রকল্পটি সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের কার্যক্রমের ধারাবাহিকতায় পরিবেশগত প্রভাব নিরূপণ (Environment Impact Assessment, EIA) প্রতিবেদন প্রস্তুতকরণের জন্য বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার আরজি কালিকাপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে আগামী ২১শে এপ্রিল, ২০২৫ রোজ সোমবার বিকাল ৩ ঘটিকায় সংশ্লিষ্ট অংশীজন ও পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ের কর্মকর্তাগণের উপস্থিতিতে পরিবেশ সম্পর্কিত বিষয়াদির উপর মীরগঞ্জ সেতু নির্মাণ প্রকল্প কর্তৃক জনমত যাচাইয়ের দিন ধার্য করা হয়েছে। উক্ত জনমত যাচাই সভায় সংশ্লিষ্ট অংশীজন ও পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ের কর্মকর্তা ছাড়াও বনবিভাগ ও মৎস্যবিভাগের কর্মকর্তাগণ এবং প্রকল্প সংশ্লিষ্ট স্থানীয় অংশীজনও উপস্থিত থাকবেন।

এমতাবস্থায়, সরকারি কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উক্ত জনমত যাচাই সভায় বরিশাল জেলার বাবুগঞ্জ ও মুলাদি উপজেলার সর্বসাধারণের উপস্থিতি নিশ্চিতকরণের জন্য আহ্বান করা হল।

১৫|০৪|২০২৫

(আবদুর রহমান কাউসার)
পরিচিতি নং-৬০১৯৬০
প্রকল্প পরিচালক (তঃপ্রঃ)(অঃদাঃ), সওজ
রহমতপুর-বাবুগঞ্জ-মুলাদি-হিজলা মহাসড়ক (জেড-৮০৩৪)-
এর ৮ম কিলোমিটারে আড়িয়াল খাঁ নদীর উপরে
মীরগঞ্জ সেতু নির্মাণ প্রকল্প
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

বিতরণ সদয় জ্ঞাতার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও প্রকল্প সমন্বয়কারী, মীরগঞ্জ সেতু নির্মাণ প্রকল্প।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, বরিশাল সড়ক জোন, বরিশাল।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, বরিশাল সড়ক সার্কেল, বরিশাল।

বিতরণঃ সভায় উপস্থিত থাকার অনুরোধ সহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, বরিশাল। (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধ সহ)
২। নির্বাহী প্রকৌশলী, সওজ, সেতু নির্মাণ ও রক্ষণাবেক্ষণ বিভাগ-১, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। নির্বাহী প্রকৌশলী, সওজ, বরিশাল সড়ক বিভাগ, বরিশাল।
৪। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বরিশাল।
৫। উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ উপজেলা/মুলাদি উপজেলা, বরিশাল।
৬। উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ উপজেলা/মুলাদি উপজেলা, বরিশাল।
৭। উপজেলা কৃষি কর্মকর্তা, বাবুগঞ্জ উপজেলা/মুলাদি উপজেলা, বরিশাল।
৮। উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, বাবুগঞ্জ উপজেলা/মুলাদি উপজেলা, বরিশাল।
৯। উপজেলা বন কর্মকর্তা, বাবুগঞ্জ উপজেলা/মুলাদি উপজেলা, বরিশাল।
১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সেতু নির্মাণ ও রক্ষণাবেক্ষণ উপ-বিভাগ-১, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১১। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ-১, বরিশাল।
১২। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, বাবুগঞ্জ উপজেলা/মুলাদি উপজেলা, বরিশাল।
১৩। সহকারী প্রকৌশলী, সওজ সেতু নির্মাণ ও রক্ষণাবেক্ষণ বিভাগ-১, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৪। প্রকল্প এলাকা সংশ্লিষ্ট বাবুগঞ্জ ও মুলাদি উপজেলার বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষক ও শিক্ষকবৃন্দ, মসজিদের ইমাম, মন্দিরের পুরোহিত এবং কলেজের শিক্ষকবৃন্দ।
১৫। প্রকল্প এলাকা সংশ্লিষ্ট বাবুগঞ্জ ও মুলাদি উপজেলার জনসাধারণ।